

# মাননীয় প্রতিমন্ত্রী'র বাণী-

"মঠবাড়ী খ্রীষ্টান কো-অপররেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড" এর ৫০ বৎসর পূর্তিতে সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন হচ্ছে জেনে আমি আনন্দিত। এই উপলক্ষে আমি উক্ত প্রতিষ্ঠানের সকল প্রাক্তন, কর্তমান কর্মকর্তা এবং সমবায়ী সদস্যদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আমি জেনে খুশি হয়েছি যে, ৫০ বছরে এই সমিতি অর্থনৈতিক কর্মকান্ডের পাশাপাশি এলাকার বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থান, স্বাস্থ্য সেবা, শিশুদের দীর্ঘমেয়াদী সঞ্চয় প্রকল্প ও মেধাবীদের এককালীন বৃত্তি প্রদানসহ বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনার মাধ্যমে আর্থ-সামাজিক ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রেখে চলেছে। আমি আশা রাখি এই ক্রেডিট ইউনিয়ন ভবিষ্যতে আরো ব্যাপক কর্মসূচী গ্রহণ করে খ্রীষ্টান সমাজ তথা দেশের সামগ্রিক উন্নয়নে ভূমিকা রাখবে।

আমি মঠবাড়ী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর সুবর্ণ জয়ন্তী উৎসবের সার্বিক সাফল্য কামনা করছি।

**এডভোকেট প্রমোদ মানকিন,** এম.পি
**প্রতিমন্ত্রী**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার